গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫. ৭২০

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২২ / ৭ মার্চ ২০১৬

বিষয় ঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ৬/১/২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হল।

২। এমতাবস্থায়, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত বর্ণিত সভায় স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহ যথাযোগ্য মর্যাদার সাথে উৎসবমুখর ভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে

০৭/০৩/২০১৬

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
৬১ টি (৩টি পাবর্ত্য জেলা ব্যতিত) জেলা পরিষদ।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রশাসক, ৬১ টি (৩টি পাবর্ত্য জেলা ব্যতিত) জেলা পরিষদ।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

বিষয়ঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ০৬-০১-২০১৬ তারিখে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আ. ক. ম মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ০৬-০১-২০১৬, সকাল ১০-৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয়ধ মন্ত্রী জনাব আ. ক. ম মোজাম্মেল হক, এমপি এর সভাপতিত্বে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি চূড়ান্তকরণ এবং উহা বাস্তবায়নের উদ্দেশ্যে বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন ও কমিটির দায়িত্ব নিরূপণের জন্য ০৬-০১-২০১৬ তারিখে এক আন্তঃমন্ত্রণালয় সভা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

০২। সভার প্রারম্ভে মন্ত্রণালয়ের সচিব বিভিন্ন দপ্তর/সংস্থা হতে আগত প্রতিনিধিগণকে স্বাগত জানান। তিনি উল্লেখ করেন যে, আমাদের জাতীয় জীবনে সবচেয়ে বড় অর্জন হল "মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভ"। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে জানান যে, ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদাত্ত আহবানে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। তিনি আরো জানান যে, বাংলাদেশের স্বাধীনতা ৯ মাসের মুক্তিযুদ্ধের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, এজন্য ছিল ২৩ বছরের প্রস্তুতি। মুক্তিযুদ্ধে দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করে, তাই বিজয় ত্বরান্বিত হয়। অনেক ত্যাগ তিতিক্ষার বিনিময়ে অর্জিত এ স্বাধীনতা জঙ্গীবাদের প্রসারে যেন ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে এবং জঙ্গীবাদ রুখতে যার যার স্থান থেকে কাজ করে যেতে হবে। অত্যন্ত তাৎপর্যপূর্ণ এই দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

০৩। এ পর্যায়ে সভাপতি উল্লেখ করেন যে, ১৯৭১ সালের ২৫ মার্চ রাত ১২.০১ মিনিটে, তথা ২৬ মার্চের প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আহবানে সাড়া দিয়ে বাংলার দামাল ছেলেরা মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং এক সাগর রক্তের বিনিময়ে ছিনিয়ে আনে আমাদের দীর্ঘ প্রতীক্ষিত স্বাধীনতা। বিশ্বের মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে স্থান করে নেয় বাংলাদেশ। সেই থেকে জাতি প্রতিবছর ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস হিসেবে পালন করে আসছে। বঙ্গবন্ধুর ঘোষণার কারণেই আমরা মহান স্বাধীনতা দিবস পালন করতে পারছি। ঐতিহাসিক এ দিবসটি যাতে যথাযোগ্য মর্যাদার সাথে উৎসবমুখর ভাবে পালন করা যায় তার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। বিগত বছরসমূহের অভিজ্ঞতার আলোকে এ বছর আরও জাকজমকপূর্ণভাবে দিবসটি উদযাপনের লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলকে আলোচনায় অংশগ্রহণ করে পরামর্শ প্রদানের আহবান জানান।

০৪। অতঃপর সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় খসড়া জাতীয় কর্মসূচি সভায় বিবেচনার জন্য উপস্থাপন করেন। সভাপতি খসড়া জাতীয় কর্মসূচির উপর উপস্থিত কর্মকর্তাগণকে মতামত প্রদানের অনুরোধ জানান।

০৫। **আলোচনা ঃ**

৫.১ খসড়া জাতীয় কর্মসূচির ১ এবং ২ নং ক্রমিকে বর্ণিত মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এর বিষয়ে রাষ্ট্রপতির উপ প্রেস সচিব এবং তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, যথাসময়ে বাণী প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা হবে ;

৫.২ জাতীয় কর্মসূচির ৩ নম্বর ক্রমিকে দিবসটি সাধারণ ছুটি হিসেবে ঘোষণা করা হলেও ঐদিন সকল (সরকারি/বেসরকারি) শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিতর্ক প্রতিযোগিতা ও রচনা লেখা প্রতিযোগিতা অনুষ্ঠান করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। তিনি এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে সকল রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করার আহবান জানানো হয়।

৫.৩ কর্মসূচির ৪(ক) ক্রমিকে বর্ণিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় পতাকাকে যথাযথ সম্মান জানানো আমাদের সকলের নৈতিক ও সাংবিধানিক দায়িত্ব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথ ভাবে উত্তোলনের বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। সভায় এ বিষয়ে সাধারণ জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য সীমিত আকারে মোবাইল কোর্ট পরিচালনার উপর গুরুত্বারোপ করা হয়। বিষয়টি পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে বাংলাদেশ পুলিশ বিভাগের প্রতিনিধি জানান যে, অনেক যানবাহনে প্রাধিকার বহির্ভূত ফ্ল্যাগ ষ্ট্যান্ড থাকার কারনে ট্রাফিক পুলিশ বিভ্রান্ত হয় বিধায় ফ্ল্যাগ স্ট্যান্ড লাগানোর ক্ষেত্রে নিয়ন্ত্রণ প্রয়োজন।

৫.৪ কর্মসূচির ৫ নং ক্রমিকে বর্ণিত বিষয়ে আলোচনায় প্রতিনিধিগণের মধ্যে কেহ কেহ জেলা পর্যায়ে প্রত্যুষে তোপধ্বনি করা যায় কিনা? সে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে অধিকাংশ সদস্য জানান, জেলা ও উপজেলা পর্যায়ে রাত ১২.০১ মিনিটে তোপধ্বনির ব্যবস্থা একটি রেওয়াজে পরিণত হয়েছে বিধায় উক্ত সময়ে তোপধ্বনি করা যৌক্তিক। বাংলাদেশ পুলিশ বাহিনীর প্রতিনিধি জানান শর্ট গানের মাধ্যমে তোপধ্বনির ব্যবস্থা করা যেতে পারে।

ক্রমিক নম্বর ৬ এবং ৭ এর বিষয়ে আলোচনায় অংশ নিয়ে সদস্যগণ জানান যে, সাভার জাতীয় স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান যাতে যথাযথ ভাবগাম্ভির্য ও শৃঙ্খলার সাথে উদযাপন করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকলের তৎপর থাকা প্রয়োজন। বিশেষ করে যাতে আমন্ত্রিত অতিথিবৃন্দের অভ্যার্থনা এবং তাঁদের দাঁড়ানোর স্থানে সুশৃঙ্খল ভাবে অতিথিবৃন্দ অবস্থান নেন সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। বিদেশী কুটনীতিকদের সাভার স্মৃতিসৌধে পৌছানো এবং স্মৃতিসৌধে অভ্যর্থনা জানানোর বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক পূর্বের তুলনায় আরো কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়েও সভায় আলোচনা হয় ।

৫.৬ কর্মসূচির ৮ নং ক্রমিকে বর্ণিত স্বাধীনতা পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান যে, ইতোমধ্যে এ বিষয়ে কার্যক্রম শুরু করা হয়েছে এবং যথাসময়ে অনুষ্ঠানের মাধ্যমে উক্ত পুরস্কার প্রদান করা হবে ;

৫.৭ কর্মসূচির ৯ ক্রমিকে বর্ণিত বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ এর বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা জানান যে, ২০১৫ সালে অনুষ্ঠিত শিশু-কিশোর সমাবেশ সকাল ৮-৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়েছিল। এ সময় রৌদ্রের তাপ বেশী থাকায় শিশু-কিশোর সমাবেশ সকাল ৮-০০ টায় করা যেতে পারে। অন্যান্য সদস্যগণও তার এ বক্তব্য সমর্থন করেন। তিনি আরও জানান যে, শিশু-কিশোরদের মার্চপাস্ট অনুশীলনের জন্য সাধারণতঃ ১২-১৫ দিন আগে থেকেই বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম প্রয়োজন হয়। এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি যৌক্তিক সময় পূর্বে "বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম" জেলা প্রশাসক, ঢাকার অনুকূলে ছেড়ে দেয়ার জন্য জাতীয় ক্রীড়া পরিষদকে অনুরোধ জানান। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, এ বিষয়ে যথাসময়ে ব্যবস্থা নেয়া হবে। সভায় উপস্থিত কয়েকজন সদস্য ১০ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মসূচির বিষয়ে জানান যে, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি ভাবে প্রতিবছর খুব কম অর্থ বরাদ্দ থাকায় অধিকাংশ জেলা ও উপজেলায় কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়ন কষ্টসাধ্য হয়ে পড়ে বিধায় তারা এখাতে অর্থ বৃদ্ধির প্রস্তাব করেন ;

৫.৮ কর্মসূচির ১১ক্রমিকে বর্ণিত সমরাস্ত্র প্রদর্শনীর বিষয়ে সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি জানান এক বছর পর পর মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক সমরাস্ত্র প্রদর্শনী অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। গত বছর এ অনুষ্ঠানটি করা হয়েছে বিধায় এ বছর মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতীয় কর্মসূচিতে সমরাস্ত্র প্রদর্শনী অন্তর্ভুক্ত করা হয়নি। এ পর্যায়ে সভাপতি এবং সচিব অভিমত ব্যক্ত করেন আমাদের মহান মুক্তিযুদ্ধের চেতনায় সর্বস্তরের মানুষকে উজ্জীবিত করার ক্ষেত্রে সমরাস্ত্র প্রদর্শনী গুরুত্বপূর্ণ বিধায় কর্মসূচিটি প্রতিবছর আয়োজন করা প্রয়োজন।কাজেই স্বল্প পরিসরে হলেও এ বছর সমরাস্ত্র প্রদর্শনী অনুষ্ঠানের ব্যবস্থা করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগের প্রতি অনুরোধ জানান ;

৫.৯ কর্মসূচির ১৩ (ক) তে বর্ণিত ঢাকায় নির্দিষ্ট স্থানসমূহে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, পুলিশ, আনসার ও ভিডিপি'র বাদক দল কর্তৃক বাদ্য পরিবেশনের বিষয়ে বাদক দলের মধ্যে বিজিবি এবং কোষ্টাগার্ড কে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয় ।

৫.১০ কর্মসূচির ১৩ (খ) তে বর্ণিত সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের দেশাত্ববোধক সংগীত পরিবেশন অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করা হয়। শিল্পীর সংখ্যা বৃদ্ধি করার পাশাপাশি এ কর্মসূচিকে আরও জনপ্রিয় করার জন্য সভাপতি গণযোগাযোগ অধিদপ্তরকে অনুরোধ জানান ;

৫.১১ কর্মসূচির ১৪ ক্রমিকে বর্ণিত বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (ইংরেজীসহ) প্রকাশ এর বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, কর্মসূচিটি প্রতিবারের মত এবারেও আয়োজন করা হবে। সভাপতি ০১(এক) মাস আগে বাণীসহ অন্যান্য তথ্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে সরবরাহের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া দূতাবাসসমূহে যাতে বিলম্বে কর্মসূচি না যায় সে বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অধিকতর তৎপর হতে আহবান জানান ;

৫.১২ কর্মসূচির ১৫ ক্রমিকে বর্ণিত বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয় ;

৫.১৩ কর্মসূচির ১৬ ক্রমিকে সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভাপতি বলেন ক্রোড়পত্র প্রকাশের আগে এর খসড়া দেখানো হয় না । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান দিবসটির সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ওতোপ্রোতভাবে জড়িত বিধায় ক্রোড়পত্রের খসড়া যথেষ্ট সময় হাতে রেখেই এ মন্ত্রণালয় থেকে ভেটিং করিছয়ে নেয়ার উপর গুরুত্বারোপ করেন ;

৫.১৪ কর্মসূচির ১৭ ক্রমিকে বর্ণিত জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে দেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা এর বিষয়ে ইসলামী ফাউন্ডেশনের প্রতিনিধি জানান, এ কার্যক্রমটি প্রতি বছরই গ্রহণ করা হয়ে থাকে। এবছর আরও বৃহৎ পরিসরে কর্মসূচিটি পালন করা হবে মর্মে তিনি সভাকে আশ্বস্ত করেন ;

৫.১৫ কর্মসূচির ১৮ (ক) তে বর্ণিত সুখী, সমৃদ্ধ, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম এর বিষয়ে আলোচনাকালে কয়েকজন সদস্য "ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত" শব্দটি বাদ দেয়ার প্রস্তাব করেন। সভায় বিস্তারিত পর্যালোচনান্তে **"মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম"** জাতীয় কর্মসূচিতে সংযুক্তির বিষয়ে ঐক্যমত পোষণ করা হয় ;

৫.১৬ সভাপতি জানান, মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসূচির ১৮ (গ) তে বর্ণিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন বিষয়ে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা প্রশাসন এবং উপজেলা প্রশাসনের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করে কর্মসূচির বাস্তবায়ন প্রয়োজন ;

৫.১৭ সভাপতি জাতীয় কর্মসূচির ১৯ ক্রমিক অনুযায়ী জেলাখানা, হাসপাতাল, শিশু পরিবার, বৃদ্ধাশ্রমে উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন ;

৫.১৮ কর্মসূচির ২০ ক্রমিকে বর্ণিত বঙ্গভবনের (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ করে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্য ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের জন্য পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা রাখার বিষয়ে সভায় আলোচনা হয় ;

সভায় জাতীয় কর্মসূচির ২১ নম্বর ক্রমিকে বর্ণিত চট্টগ্রাম বন্দর, মংলা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলাস্থ নারায়ণগঞ্জ ও বরিশাল বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোষ্টগার্ডের জাহাজসমূহ দুপুর ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। উপস্থিত সদস্যগণ বর্ণিত বন্দরের সাথে চাঁদপুর নদী বন্দর কে যুক্ত করার বিষয়ে মত প্রকাশ করেন। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান কর্মসূচিটি উদ্‌যাপনে নৌ-পরিবহন মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

৫.২০ ক্রমিক নম্বর ২৩ ও ২৪ বর্ণিত কর্মসূচি যাতে যথাযথভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের আহবান জানানো হয় ;

৫.২১ কর্মসূচির ২২ ক্রমিকে বর্ণিত ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয় ;

৫.২২ কর্মসূচির ২৫ ক্রমিকে বর্ণিত দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর ইত্যাদি শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনী আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত কর্মসূচিতে বিজিবি ও পুলিশ জাদুঘর এবং সংস্কৃতি মন্ত্রণালয়কে যুক্ত করার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয় ;

৫.২৩ কর্মসূচির ২৮ ক্রমিকে বর্ণিত বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর এবং ছায়ানট, বুলবুল ললিতকলা একাডেমী ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, উক্ত মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি উদ্‌যাপনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হচ্ছে। এছাড়া বাংলাদেশ পুলিশের প্রতিনিধি কর্মসূচিতে "বাংলাদেশ পুলিশ সংস্কৃতিক পরিষদ" কে যুক্ত করার জন্য অনুরোধ জানান ;

৫.২৪ সভাপতি আলোকসজ্জার বিষয়ে অসন্তোষ প্রকাশ করে বলেন, সরকারি পর্যাপ্ত বরাদ্দ থাকা সত্ত্বেও ব্যক্তি উদ্যোগে যেসব আলোকসজ্জা করা হয়, তা সরকারি দপ্তরের আলোক সজ্জার চেয়ে অনেক বেশী আকর্ষণীয় হয়। তাছাড়া, সরকারি যেসব ভবন আলোকসজ্জা করা হয় সেসব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোর চেয়ে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে আকর্ষণীয়ভাবে আলোকসজ্জা করা হয়। এক্ষেত্রে পূর্ব হতেই কোন্ কোন্ প্রতিষ্ঠান কর্তৃক আলোকসজ্জা করা হবে এবং তাতে কত অর্থ বরাদ্দ থাকবে এ বিষয়গুলো স্টিয়ারিং কমিটিকে অবহিত করার অনুরোধ জানানো হয় ।

০৫। আলোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক) | খসড়া জাতীয় কর্মসূচির ক্রমিক ১ থেকে ২৯ পর্যন্ত বর্ণিত কর্মসূচি অনুমোদন করা হলো ; | - |
| খ) | কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য গঠিত বিভিন্ন কমিটি ও উপকমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ; | - |
| গ) | ২৬ মার্চ ২০১৬ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সরকারি/ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে দিবসের তাৎপর্য তুলে ধরে বিতর্ক প্রতিযোগিতা ও রচনা লেখা প্রতিযোগিতাসহ মহান স্বাধীনতা দিবসের সাথে সঙ্গতিপূর্ণ অনুষ্ঠান আয়োজন করতে হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভায় বিতর্ক প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করবে । | শিক্ষা মন্ত্রণালয়/প্রধাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ জেলা প্রশাসক (সকল) । |
| ঘ) | পতাকা বিধিমালা, ১৯৭২ মোতাবেক জাতীয় পতাকা ব্যবহারে জনসচেতনতা বৃদ্ধি এবং জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সকল জেলা প্রশাসন কর্তৃক দিবসের ৪/৫দিন আগে থেকেই মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ জেলা প্রশাসক (সকল) । |
| ঙ) | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে পতাকা বিধিমালা, ১৯৭২ মোতাবেক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথ ভাবে ব্যবহার করতে হবে। বিষয়টি পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, স্বারাষ্ট্র মন্ত্রণালয়, গনযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) ; |
| চ) | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের বিষয়টি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে ; | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ ৯পদাতিক ডিভিশন/ গণপূর্ত অধিদপ্তর । |
| ছ) | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ আগামী ২৬ মার্চ ২০১৬ তারিখ আনুমানিক সকাল ৮-০০ টায় শুরু হবে। এ লক্ষ্যে অনুশীলনের জন্য আগামী ১০ মার্চ ২০১৬ তারিখ হতে "বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম" জেলা প্রশাসক, ঢাকাকে বুঝিয়ে দিতে হবে । | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, জেলা প্রশাসক, ঢাকা । |
| জ) | ২৬ মার্চ ২০১৬ তারিখ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক লঞ্চ যোগে সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর ; |
| ঝ) | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এছাড়া বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (ইংরেজীসহ) প্রকাশ এর বিষয়ে দিবসের ০১(এক) মাস আগে বাণীসহ অন্যান্য তথ্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে সরবরাহ করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় দ্রুততম সময়ের মধ্যে বিদেশে অবস্থিত সকল দূতাবাসসমূহে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান করবে। | তথ্য মন্ত্রণালয়, রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ঞ) | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী, বাণী ও ক্রোড়পত্র প্রকাশের লক্ষ্যে নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে এগুলোর খসড়া মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে দেখিয়ে অনুমোদন করিয়ে নিতে হবে। | তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর ও গণযোগাযোগ অধিদপ্তর। |
| ট) | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে দেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা এর কার্যক্রমটি আরও বৃহৎ পরিসরে ও ব্যাপক ভাবে আয়োজন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ। |
| ঠ) | সকল জেলা ও উপজেলা পর্যায়ে **"মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম"** অনুষ্ঠান আয়োজন করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ড) | বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্য ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের বসার জন্য পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিবেচনা করার জন্য অনুরোধ জানানো হয়; | বঙ্গভবন/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ঢ) | আমাদের স্বাধীনতা, সশস্ত্র সংগ্রাম ও মুক্তিযুদ্ধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রতিবছরের মত এবারও সমরাস্ত্র প্রদর্শনী অনুষ্ঠানের আয়োজন অব্যাহত রাখতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ/৯ পদাতিক ডিভিশন/ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ণ) | স্মারক ডাক টিকিট প্রকাশের কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য বাংলাদেশ ডাক বিভাগ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | বাংলাদেশ ডাক বিভাগ/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ত) | যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় সমন্বয় করে উপজেলা ও জেলা পর্যায়ে বরাদ্দ বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে; | অর্থ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| থ) | মহান স্বাধীনতা ও বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরসহ সকল সরকারি অফিসে দৃশ্যমান আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কোন্ কোন্ ভবনে আলোকসজ্জা করা হবে উহার তালিকা যথাসময়ের আগেই স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে; | গণপূর্ত অধিদপ্তর। |

জাতীয় কর্মসূচি ঃ

| ক্রমিক | তারিখ/ সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ২৬-৩-২০১৬ | জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতির বাণী | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়। |
| ২। | | জাতির উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী | মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়। |
| ৩। | | সাধারণ ছুটি ঘোষণা | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৪। | ২৬-৩-২০১৬ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক। |
| | ২৫-৩-২০১৬ এবং ২৬-৩-২০১৬ (উভয়দিন সন্ধ্যা থেকে রাত পর্যন্ত) | খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা টাঙ্গানো/উত্তোলন<br>গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা | খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>গ) গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সকল সিটি কর্পোরেশন, বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।<br>বিঃদ্রঃ তথ্য মন্ত্রণালয় হতে বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান সম্বলিত তথ্য বিজ্ঞপ্তি আকারে জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৫। | ২৬-৩-২০১৬ | ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি<br>খ) জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি | ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>খ) জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা। |
| ৬। | | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |

Call city corp

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ<br>(খ) বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকদের সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ | (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৮। | | স্বাধীনতা পুরস্কার প্রদান | মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯। | ২৬-৩-২০১৬ | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ | জেলা প্রশাসন, ঢাকা। |
| ১০। | | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ এবং ক্রীড়া অনুষ্ঠান | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ১১। | ২৪-০৩-২০১৬ থেকে ২৮-০৩-২০১৬ বা এর কাছাকাছি সুবিধাজনক সময়ে | জাতীয় প্যারেড স্কয়ারে সমরাস্ত্র প্রদর্শনী | প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২। | | নৌকা বাইচ (যেখানে সম্ভব)/কাবাডি ফেডারেশনের ব্যবস্থাপনায় কাবাডি প্রতিযোগিতার আয়োজন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, জেলা প্রশাসক(সকল), কাবাডি ফেডারেশন, রোয়িং ফেডারেশন। |
| ১৩। | | ক) ঢাকায় নির্দিষ্ট স্থানসমূহে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বিজিবি, কোস্টগার্ড, পুলিশ, আনসার ও ভিডিপি'র বাদকদল কর্তৃক বাদ্য পরিবেশন<br>খ) ২৬ মার্চ ২০১৬ তারিখ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক ভ্রাম্যমান ট্রাকে রাজধানীর বিভিন্ন এলাকায় ও সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত পরিবেশন। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>খ) তথ্য মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৪। | ২৬-৩-২০১৬ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (ইংরেজীসহ) প্রকাশ | পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়। |
| ১৫। | ০১-৩-২০১৬ থেকে ২৬-৩-২০১৬ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৬। | ২৬-৩-২০১৬ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোস্টার প্রকাশ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর |
| ১৭। | | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ১৮। | ০১-৩-২০১৬ থেকে ২৬-৩-২০১৬ | ক) "মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার" শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম<br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন<br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন | ক) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।<br>খ) শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>গ) শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৯। | | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়। |
| ২০। | | বঙ্গভবনে বিকালে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) সংবর্ধনা অনুষ্ঠান | রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। |
| ২১। | ২৬-৩-২০১৬ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা, নারায়ণগঞ্জ, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী, কোস্টগার্ড, নৌ-পরিবহন মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| | | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ | স্থানীয় সরকার বিভাগ, সড়ক পারবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, সিটি কর্পোরেশন(সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| | | জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান | জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদ। |
| | ২৬-৩-২০১৬ | জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, শিশু একাডেমী ও জাতীয় মহিলা সংস্থা। |
| | | দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, বিজিবি জাদুঘর ইত্যাদি শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক (সকল) ও জেলা পরিষদ (সকল), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট পৌরসভা। |
| | ০১-৩-২০১৬ থেকে ৩১-৩-২০১৬ | ক) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে "ফুটবল টুর্নামেন্ট" আয়োজন করা (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায়/অর্থায়নে)<br>খ) প্রদর্শনী ফুটবল/ক্রিকেট ম্যাচের আয়োজন<br>গ) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন | ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন।<br>খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড।<br>গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), জেলা ক্রীড়া সংস্থা (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| | | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে স্মারক ডাক টিকিট প্রকাশ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক বিভাগ। |
| | ২৬-৩-২০১৬ | বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ সাংস্কৃতিক পরিষদ, ছায়ানট এবং বুলবুল ললিতকলা একাডেমী ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ইসলামিক ফাউন্ডেশন, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর, ছায়ানট, বুলবুল ললিতকলা একাডেমী কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও। |
| ১। | | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন | তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৬ উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তাবিত স্টিয়ারিং কমিটি ঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | - | আহবায়ক |
| ২। | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়) | | - | সদস্য |
| ৩। | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৪। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৫। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৬। | সচিব, তথ্য মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৭। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৮। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৯। | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ঐ | - | সদস্য |
| ১০। | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ঐ | - | সদস্য |
| ১১। | সচিব, স্থানীয় সরকার বিভাগ | ঐ | - | সদস্য |
| ১২। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৩। | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৪। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৫। | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৬। | সচিব, রেল মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৭। | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৮। | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৯। | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ২০। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | - | সদস্য |
| ২১। | সচিব, বিদ্যুৎ বিভাগ ঐ | - | সদস্য |
| ২২। | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ঐ | - | সদস্য |
| ২৩। | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা পরিদপ্তর | - | সদস্য |
| ২৪। | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | - | সদস্য |
| ২৫। | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | - | সদস্য |
| ২৬। | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ২৭। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ২৮। | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ২৯। | চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৩০। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩১। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩২। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৩। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৪। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৫। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৬। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৭। | বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব) | - | সদস্য |
| ৩৮। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩৯। | মহা-পুলিশ পরিদর্শক এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪০। | এ্যাডজুটেন্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪১। | পুলিশ কমিশনার, ডিএমপি | - | সদস্য |
| ৪২। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ৪৩। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | - | সদস্য |
| ৪৪। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |
| ৪৫। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪৬। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৬ উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সকল আহ্বায়ক | - | সদস্য |
| ৪৭। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ৪৮। | যুগ্ম-সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি</u>

কমিটি স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি বাস্তবায়নে সার্বিক তত্ত্বাবধান এবং সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বিঃ দ্রঃ কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

<u>(২) স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৬ উদযাপনে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবিত কমিটিঃ</u>

| | | | |
|---|---|---|---|
| ১। | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | মহা-পুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি (এসবি) | - | সদস্য |
| ১৩। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৭। | বিভাগীয় কমিশনার, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৮। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৯। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ২০। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২১। | প্রধান বৃক্ষপালন বিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | - | সদস্য |
| ২২। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৩। | রেঞ্জ কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ২৪। | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি ঃ

নতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৬ উদ্‌যাপনে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং শিশু-কিশোর সমাবেশ তার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্যের উপর আলোচনা ও সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত প্রস্তাবিত উপ-কমিটি ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (প্রশাসন), তথ্য মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | তথ্য অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |

মিটির কর্মপরিধি ঃ (ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৫ উদ্‌যাপন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(খ) শিশু-কিশোর সমাবেশ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।

(গ) বেতার ও টেলিভিশনে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

(ঘ) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

(ঙ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোষ্টার প্রকাশ।

(চ) বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টেলিভিশন চ্যানেলে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি বিধান জনসারনের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা

বিঃ দ্রঃ কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

নতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৬ উদ্‌যাপনে আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবিত উপ-কমিটি ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ | - | আহবায়ক |
| ২। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি (রাষ্ট্রাচার অনুবিভাগ) | - | সদস্য |
| ৩। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | বিদ্যুৎ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | ডিআইজি, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১১। | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১৪। | র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন সদর দপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |

উপ-কমিটির কার্যপরিধি ঃ

কমিটি স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে ট্রাফিক নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় তত্ত্বাবধান ও সমন্বয় করবে।

বিঃ দ্রঃ কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে

জাতীয় কর্মসূচির আলোকে কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় বিভাগ ও সংস্থাকে স্ব-স্ব কর্মসূচি এবং বাস্তব চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করা হবে।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর/-১৯-০১-২০১৬

(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

22 FEB 2016

ঃ ০৯ ঃ

...৭.০০.০০০০.০০১.২০.০০১.২০১৬-০৭

তারিখঃ ২০ মাঘ ১৪২২
০২ ফেব্রুয়ারি ২০১৬

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ বাহিনী, নৌ-বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমানবাহিনী, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
সিনিয়র সচিব,জনপ্রশাসন/স্বরাষ্ট্র/বাণিজ্য/প্রতিরক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, রেল মন্ত্রণালয়, আঃ গণি রোড, ঢাকা।
সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বনানী, ঢাকা।
সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
মহা-পরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, সাভার, ঢাকা।
এডজুট্যান্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
মহা-পরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
মহা-পরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
মহা-পরিচালক, এনএসআই, ঢাকা।
বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
মহা-পরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা।
প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা-১০০০।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৩৮-৫৭
তারিখঃ ২৩/২/১৬
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/ জেপ

৪। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা।
৬৫। কারা মহা-পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৬৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং লিঃ, ১, আঃ গনি রোড, ঢাকা।
৬৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬৮। মহা-পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৬৯। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৭০-৭১। মহা-পরিচালক, বিটিভি/বাংলাদেশ বেতার।
৭২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭৩। চেয়ারম্যান, বিসিক, মতিঝিল, ঢাকা।
৭৪। মহা-পরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
৭৫। মহা-পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
৭৬। মহা-পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০।
৭৭। জেলা প্রশাসক, ঢাকা।
৭৮। জেলা প্রশাসক, ............................................................(সকল)।
৭৯। পুলিশ সুপার, ঢাকা।
৮০। পরিচালক, বিএনসিসি, উত্তরা মডেল টাউন, ঢাকা।
৮১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮২। পরিচালক, শিশু একাডেমী, ঢাকা।
৮৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮৪। উপজেলা নির্বাহী অফিসার ................................................(সকল)।
৮৫। প্রধান নির্বাহি কর্মকর্তা/সচিব, পৌরসভা,........................................(জেলা সদরে অবস্থিত)।
৮৬। .......................................................................................

02.02.16
(মোঃ জহুরুল হক)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোনঃ ৯৫৬৮২০১
info.molwa@yahoo.com

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০১.২৫.০০১.২০১৬-

তারিখঃ ২০ মাঘ ১৪২২ / ০২ ফেব্রুয়ারি ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১-৯। উপ-সচিব, প্রশাসন-১, ২, বাজেট, আইসিটি, হিসাব, গেজেট, প্রশিক্ষণ, উন্নয়ন, উপ-প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১২-১৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী প্রধান/সহকারী সচিব...............শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১৭-১৯। যুগ্ম-সচিব (প্রশাসন/সনদ, প্রত্যয়ন ও গেজেট, সংযুক্ত) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

02.02.16
(মোঃ জহুরুল হক)
উপসচিব (প্রশাসন-১)